দর্শনা বাসস্ট্যান্ডে ট্রাফিকের দায়িত্ব পালন করছেন বিএনসিসি

দর্শনা বাসস্ট্যান্ড ট্রাফিক আইল্যান্ড চৌরাস্তায় দায়িত্ব পালন করছে দর্শনা সরকারী কলেজের বিএনসিসির সদস্যরা।

আজ শুক্রবার সকাল সাড়ে ৮টা থেকে বি এন সি সি সদস্যরা দেশের এই সংকটময় সময় নিজেরাই ট্রফিকের দায়িত্ব নিয়ে কাজ করছে। বিএনসিসির প্রেট্রো লিডার মাহফুজ উদ্দিনের নেত্রীত্বে বিএনসিসির সদস্য মাসুদ রানা, সাব্বির হোসেন, আব্দুল্লাহ, খালিদ হাসান, মুন্না ও জিহাদ হোসেন সহযোগী হিসাবে দায়িত্ব পালন করছে।

সকাল ১১টার দিকে হঠাৎ করে বেশ কিছু অনিয়মিত আনছার সদস্য তাদের সাথে যোগ দিয়ে মহা সড়কে নির্বিঘ্নে গাড়ী চলাচলে পথচারীদের সহযোগিতা করতে দেখা যায়। তাদের কর্মকাণ্ড দেখে গাড়ি চালকরা তাদের সাধুবাদ জানায়। ভাল সব কাজে ছাত্ররা পাশে থেকে দেশটাকে নতুন করে গড়ে তুলতে সহযোগিতা করবে। আর কোনো সংঘাত চাই না। চাই শান্তি রক্ষা। এবার দেশটাকে নতুন ভাবে সাঝাবে সাধারণ ছাত্ররা। আর এখন শহরের পুলিশ না থাকাতে আমরা ছাত্ররা মিলে ও অন্যানরা সহ সবাই মিলে শহরের শৃঙ্খলা ফেরানোর জন্য কাজ করছি। শহরটাকে পরিস্কার পরিছন্ন ও সু-শৃঙ্খল ট্রাফিক নিয়ন্ত্রণ করবে। আমাদের এই কর্মসূচি অব্যাহত থাকবে ।

কোটচাঁদপুর শহরে যানজট নিয়ন্ত্রণে কাজ করেছে

বিএনসিসির শিক্ষার্থীরা

কোটচাঁদপুর শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মোড়ে মোড়ে ট্রাফিক পুলিশের দ্বায়িত্ব পালন করছেন সরকারি কে এম এইচ কলেজের বিএনসিসির শিক্ষার্থীর।

গতকাল বৃহস্পতিবার সকালে শহরের মেইন বাসস্ট্যান্ড পাইকারী কাঁচা বাজার,মেইন বাসস্ট্যান্ড, হাসপাতাল মোড় সহ বেশ কয়েকটি এলাকায় সড়কে যানজট নিয়ন্ত্রন করতে দেখা যায় তাদের। এতে করে সাধারণ মানুষের মাঝে প্রাণ চাঞ্চল্য ফিরে আসেতে দেখা গেছে। কাঁচা বাজার মামা ভাগ্নে ওয়াকসপের মালিক তরিকুল ইসলাম বলেন, সকাল থেকে দেখছি বিএনসিসির ড্রেস পরে ছেলে ও মেয়ে শিক্ষার্থীরা সড়কে যানজট নিয়ন্ত্রণে কাজ করেছে। হাট বারে এখানে প্রচুর পরিমানে যানজট সৃষ্টি হয়। যাতে সাধারণ মানুষের প্রচুর পরিমানে ভোগান্তি পোহাতে হয়। আজ আর সেই ভোগান্তি পোহাতে হচ্ছে না। আমি খুশি হয়ে তাদের সকালের নাস্তা কিনে দিয়েছি।

সরকারি কে এম এইচ কলেজের অনার্স দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী বিএনসিসির ক্যাডেট মনোয়ার হোসেন বলেন, বিএনসিসির সদর দপ্তরের আদেশে কে এম এইচ কলেজে ১৫-২০ জন ছাত্র, ছাত্রী আমরা শহরের বিভিন্ন জায়গায় যানজট নিয়ন্ত্রণ ও সাধারণ মানুষের ভুগান্তী কুমাতে দায়িত্ব পালন করছি। এতে সাধারণ পথচারীরা আমাদের প্রতি সাধুবাদ জানাচ্ছে। পাশাপাশি সবাই সহায়তা করছে। এ কর্মসূচী চলমান থাকবে বলে জানান তিন ।